নেত্রকোণা সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : তানিয়া তাবাসসুম, প্রশাসক,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ : ২৮.১০.২০২৪

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভা নং : ০৫

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এডিপি ১ম কিস্তি ২৬,৬৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে ও উপজেলা উন্নয়ন তহবিলের স্থানান্তরকৃত ৩,০৬,০০,০০০/- তহবিলে রক্ষিত আছে। তিনি দ্রুত প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।<br><br>তাছাড়া তিনি আরো জানান নেত্রকোণা সদর উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি দীর্ঘ দিনের পুরানো। বাসভবনটির ছাদ ও দেয়াল জীর্ণ এবং স্যাতস্যাতে, যার কারণে ভবনটি বসবাসের অযোগ্য হয়ে পড়েছে বিধায় বাসভবনটি পরিত্যাক্ত ঘোষনার প্রস্তাব প্রাক্কলনসহ জেলা কনডেমেশন কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পাশাপাশি একইস্থানে হালনাগাদ ডিজাইনে নতুন বাসভবন নির্মাণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করার জন্য গত নভেম্বর ২০২৩ মাসের উপজেলা পরিষদের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে তিনি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি নিলামে বিক্রয়ের জন্য ৭,৩১,৬২৪/- টাকার প্রাক্কলন প্রস্তুত করেন তার মধ্যে অপসারনজনিত খরচ ৩,৪৩,০১৭/- বাদে নীট ৩,৮৮,৬০৭/- অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>লক্ষীগঞ্জ তেয়শ্রী বাজার হতে লক্ষীগঞ্জ বাজার রাস্তায় ১৮৬০.০০ মিটার চেইনেজে বক্সকালভার্টটি জরুরী মেরামত করা প্রয়োজন। যেকোন সময় বক্সকালভার্টটি ভেঙে যেতে পারে এবং যোগাযোগ বিচ্ছিন্ন হতে পারে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন সহায়তা তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পুরাতন কালেক্টরেট মাঠের পাশে ওমেন্স ট্রেনিং ও সেলস সেন্টারটির উন্নয়ন/সংস্কারের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য সভায় আলোচনা হয়। উক্ত সংস্কার / উন্নয়ন কার্যক্রম কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য আলোচনা হয়। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি পরিত্যক্ত ঘোষণার প্রস্তাব প্রাক্কলনসহ জেলা কনডেমেশন কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসারের সরকারি নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি নিলামে বিক্রয়ের জন্য প্রাক্কলিত ৭,৩১,৬২৪/- টাকার মধ্যে অপসারনজনিত খরচ ৩,৪৩,০১৭/- বাদে নীট ৩,৮৮,৬০৭/- অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) লক্ষীগঞ্জ তেয়শ্রী বাজার হতে লক্ষীগঞ্জ বাজার রাস্তায় ১৮৬০.০০ মিটার চেইনেজে বক্সকালভার্টটি মেরামতের জন্য এডিপি/উন্নয়ন সহায়তা তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) পুরাতন কালেক্টরেট মাঠের পাশে ওমেন্স ট্রেনিং ও সেলস সেন্টারটির উন্নয়ন/সংস্কারের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ দ্বারা কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>তাছাড়া আরো জানান তার কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর তুলনায় রুমের সংখ্যা পর্যাপ্ত নয়। তাই উপজেলা শিক্ষা অফিসে ভবনের দুতলা সম্প্রসারণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি জানান উপজেলার কর্মকর্তাগণ বিভিন্ন কাজে বিভিন্ন ইউনিয়ন ভ্রমণ করেন। উক্ত ভ্রমণকালে যেকোন বিদ্যালয় ভিজিট করার জন্য অনুরোধ জানান। ফলে শিক্ষার মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। | (গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) উপজেলা শিক্ষা অফিসে ভবনের দুতলা সম্প্রসারণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, নেত্রকোণা সদর |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি/২০২৪-২৫ মৌসুমে আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৯,৪৪০ হেক্টর নির্ধারণ করা হয়। অর্জন হাইব্রীড-১৯৫০০। পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত হয় প্রায় ৫৮০ হে: ফসলি জমি। বর্তমানে মাঠে দন্ডায়মান রোপা আমন ফসল, হাইব্রিড ১১০০ হে:, উফশী-১৭৫২৫ হে:, স্থানীয়-২৯৫ হে: মোট = ১৮,৯২০ হে:। আবাদকৃত আমন আগাম জাত গুলোর কিছু কিছু কর্তন শুরু হয়েছে। ফলন অন্যান্য বছরের তুলনায় ভাল। ফসলের রোগ পোকার আক্রমনের তীব্রতা কম মাত্রায় আছে। সার্বিক বিবেচনায় ফসলের অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। প্রাকৃতিক কোন প্রকার দুর্যোগ না আসলে ভাল ফলন আশা করেন। তিনি জানান গত ২৩/১০/২০২৪ তারিখে রাসায়নিক সার ইউরিয়া-২৯৫ মে.টন, টিএসপি-৯৩, মে. টন এমওপি-১১২ মে.টন, ডিএপি-১০২ মে.টন মজুদ আছে।<br><br>তিনি আরো জানান বন্যা পরবর্তী পুনর্বাসনের জন্য কৃষি প্রনোদনার বরাদ্দ আসলে ইউপি চেয়ারম্যানগণের মাধ্যেমে তালিকা তৈরি করা হবে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৪৯১৩০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-২২৫০০মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-৩২৩১টি, হাসঁ-মুরগীর চিকিৎসা ২৮৫৮৭ টি এবং কৃত্রিম প্রজনন-৭৫৩ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ২৯৪টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের টি. আর ও কাবিখা আওতায় প্রকল্পের তালিকা দেওয়ার জন্য অনুরোধ জানান । তাছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরের টি. আর ও কাবিখা আওতায় প্রকল্পের তালিকা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমানক সহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্ব গুন বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যান ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | সাংগঠনিক নেতৃত্ব গুন বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যান ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | উপজেলা শিক্ষা অফিসার<br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানিয়া তাবাসসুম)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯-৮২৫

তারিখ : ২৮ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. উপজেলা................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান,.................................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. ..............................................................................................................

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner